গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

**বিষয়ঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের মে ২০১৭ মাসে অনুষ্ঠিত ৪র্থ সমন্বয় সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কমিশনের বিদ্যমান কর্মকান্ডের সার্বিক দিক নিয়ে ১৪ মে ২০১৭ তারিখ বিকাল ৩.০০ টায় চেয়ারম্যান এর সভাপতিত্বে কমিশনের সভা কক্ষে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিশনের সদস্যবৃন্দ, বিইআরসি ট্রাইব্যুনালের সদস্যবৃন্দ, সচিব, পরিচালক, উপ-পরিচালক, একান্ত সচিব এবং সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং গত ৯ এপ্রিল ২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। সভায় উপস্থিত সকলে তাঁদের মূল্যবান অভিমত ও মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| আলোচ্য সূচী ২(ক)-<br>বিদ্যুৎ অনুবিভাগ<br>২(ক)(১) সভায় অবহিত করা হয় যে, মার্চ ২০১৭ পর্যন্ত অনিষ্পন্ন লাইসেন্স ওয়েভার আবেদনের সংখ্যা ছিল ৯৭৫ টি। এপ্রিল ২০১৭ মাসে ৪২ টি নতুন আবেদনসহ সর্বমোট লাইসেন্স ওয়েভার আবেদনের সংখ্যা ১০১৭ টি। এপ্রিল ২০১৭ তে ৪১ টি নতুন, ১৫ টি সংশোধনের আবেদন এবং ৯৩ টি নবায়নের আবেদনসহ ১৪৯ টি নিষ্পন্ন করা হয়েছে। বর্তমানে ৮৬৮ টি লাইসেন্স ওয়েভার আবেদন অনিষ্পন্ন রয়েছে (সংলাগ-১)। তাছাড়া ২০০৮ সালের ২০ টি আবেদন নথিভুক্ত করা হয়েছে।<br><br>২(ক)(২) সভায় অবহিত আরও অবহিত করা হয় যে, মার্চ ২০১৭ পর্যন্ত সিসিপি ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনের সংখ্যা ছিল ৩০৪ টি। এপ্রিল ২০১৭ তে ৩৫ টি নতুন আবেদনসহ সর্বমোট সিপিপি লাইসেন্স আবেদনের সংখ্যা- ৩৭৫ টি। এপ্রিল ২০১৭ তে ৬ টি নতুন এবং ৩০ টি নবায়নের আবেদনসহ মোট ৩৬ টি নিষ্পন্ন করা হয়েছে। এপ্রিল ২০১৭ পর্যন্ত ৩৩৯ টি সিসিপি ক্যাটাগরির আবেদন অনিষ্পন্ন রয়েছে (সংলাগ-২)।<br><br>২(ক)(৩) তাছাড়া সভায় অবহিত করা হয় যে, মার্চ ২০১৭ পর্যন্ত সরকারী সংস্থা, আইপিপি, আরপিপি এবং সিআইপিপি ক্যাটাগরির ৩১ টি লাইসেন্স আবেদন অনিষ্পন্ন ছিল। এপ্রিল ২০১৭ পর্যন্ত ৩ টি নতুন আবেদনসহ মোট আবেদনের সংখ্যা ৩৪ টি। এপ্রিল ২০১৭ তে ১ টি নতুন, সংশোধনের আবেদন ১ টি এবং ১২ টি নবায়নের আবেদন নিষ্পন্ন করা হয়েছে। এপ্রিল ২০১৭ পর্যন্ত ২০ টি আবেদন অনিষ্পন্ন রয়েছে (সংলাগ-৩)। | বিদ্যুৎ অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| আলোচ্য সূচী ২(খ)<br>গ্যাস অনুবিভাগ<br>সভায় অবহিত করা হয় যে, এপ্রিল ২০১৭ পর্যন্ত বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন আবেদনের সংখ্যা (১৫৩ + ৩৯)= ১৯২টি। এপ্রিল/১৭ মাসে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা-২৩ টি। অনিষ্পন্ন মোট আবেদনের সংখ্যা ১৭১ টি (সংলাগ-৪)। | ২(খ)ঃ গ্যাস অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |

চলমান পাতা-২

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| আলোচ্য সূচী ২(গ)-<br>পেট্রোলিয়াম অনুবিভাগ<br>সভায় অবহিত করা হয় যে, এপ্রিল ২০১৭ পর্যন্ত বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন আবেদনের সংখ্যা (জের ১২৮ + নতুন ৪৪) = ১৭২টি। এপ্রিল ২০১৭ পর্যন্ত নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা-৩৮ টি। অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ১৩৪ টি (সংলাগ-৫)। | ২(গ)ঃ পেট্রোলিয়াম অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| আলোচ্য সূচী ২(ঘ)-<br>আইন ও বিধি অধিশাখাঃ<br>২(ঘ)(১) সভাকে অবহিত করা হয় যে, ২০১৩ হতে ১৪ মে ২০১৭ বিরোধ নিষ্পত্তির জন্য ১০৯ আবেদন পাওয়া গেছে যার মধ্যে ১৪ টি আবেদন বাতিল করা হয়েছে। ২০ টি আবেদন প্রক্রিয়াধীন, ৪৮ টি শুনানি পর্যায়ে, ৭ টি আবেদন অন্তর্বর্তী আদেশ পর্যায়ে, ৬ টি আবেদনকে পারস্পরিক সমঝোতা করার নির্দেশ প্রদান করা হয়েছে, নিষ্পত্তিকৃত বিরোধ ১৯ টি এবং রিভিউ আবেদন/নিষ্পত্তি ৩ টি (সংলাগ-৬)।<br>২(ঘ)(২) সভাকে আরও অবহিত করা হয় যে, কমিশনে কয়েকটি খসড়া প্রবিধানমালার খসড়া চূড়ান্তকরণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | ২(ঘ)(১)ঃ কমিশনে দাখিলকৃত মোট মামলার সংখ্যা, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা এবং অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে।<br>২(ঘ)(২) বিবেচনাধীন প্রবিধানমালাসমূহ কোনটি কোন স্তরে রয়েছে তার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ছকে উপস্থাপন করতে হবে। | সচিব |
| আলোচ্যসূচী ২ (ঙ)<br>প্রশাসন অনুবিভাগঃ<br>২(ঙ)(১) কমিশনের সাংগঠনিক কাঠামো (TO&E)ঃ<br>সভায় কমিশনের সাংগঠনিক কাঠামো (TO&E) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়।<br>২(ঙ)(২) শূন্য পদে জনবল নিয়োগঃ<br>কমিশনের সকল শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভায় অবহিত করা হয়।<br>২(ঙ)(৩) প্রশিক্ষণঃ<br>Performance Management System (PMS) এর উপর ১(এক) দিনের জন্য প্রশিক্ষণের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br>২(ঙ)(৪) ভবন নির্মাণঃ<br>কমিশনের নিজস্ব ভবন নির্মাণের কার্যক্রম ত্বরান্বিত করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br>২(ঙ)(৫) বার্ষিক প্রতিবেদনঃ<br>কমিশনের ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য এর Content প্রস্তুতের জন্য অভিমত ব্যক্ত করা হয়। | ২(ঙ)(১) আগামী ১৫ জুন ২০১৭ তারিখের মধ্যে কমিশনের সাংগঠনিক কাঠামো (TO&E) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>২(ঙ)(২)ঃ কমিশনের সকল শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২(ঙ)(৩)ঃ আগামী ২৮ মে ২০১৭ তারিখ Performance Management System (PMS) এর প্রশিক্ষণের সময় নির্ধারণ করা হয়।<br>২(ঙ)(৪) স্থাপত্য অধিদপ্তর হতে নকশা চূড়ান্ত করে আগামী ৩০ জুন ২০১৭ এর মধ্যে DPP চূড়ান্ত করতে হবে।<br>২(ঙ)(৫) ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের নিমিত্ত এর Content অবিলম্বে প্রস্তুত করে পরবর্তী কমিশন সভায় উপস্থাপন করতে হবে। | সচিব |
| আলোচ্য সূচী ২(চ)<br>অর্থ ও হিসাব অনুবিভাগঃ<br>২(চ)(১)ঃ বাজেট মনিটরিংসহ আগামী অর্থবছরের শুরুতেই কি কি বিষয়ে সমীক্ষা করা প্রয়োজন তার একটি কর্ম পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br>২(চ)(২)ঃ সভাকে অবহিত করা হয় যে, এপ্রিল ২০১৭ মাসে কমিশনের আয় ২,৩৭,৬০,৭১৪.৮০ টাকা এবং ১ জুলাই ২০১৬ হতে ৩০ এপ্রিল ২০১৭ পর্যন্ত কমিশনের ক্রমপুঞ্জিত আয় ১৮,৪৭,৫২,৫৩২.০৪ টাকা (সংলাগ-৭)। | ২(চ)(১)ঃ আগামী অর্থবছরের শুরুতেই বাজেট মনিটরিংসহ সম্ভাব্য সমীক্ষার একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>২(চ)(২) আগামী সভায় কমিশনের আয়-ব্যয়ের প্রতিবেদন পেশ করতে হবে | পরিচালক (অর্থ ও হিসাব) |

চলমান পাতা-৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| আলোচ্যসূচী ২(ছ) বিবিধঃ<br>২(ছ)(১)ঃ কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিস ত্যাগ করার সময় তাঁদের কক্ষে ব্যবহৃত কম্পিউটার, প্রিন্টার, ইউপিএসসহ সকল প্রকার বৈদ্যুতিক সরঞ্জামের সুইচ বন্ধ করার জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ২(ছ)(১) অফিস ত্যাগ করার সময় কার্যালয়ের নিরাপত্তার স্বার্থে সকল প্রকার বৈদ্যুতিক সরঞ্জামের সুইচ বন্ধ করতে হবে। | সচিব |
| ২(ছ)(২) বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইনস, ২০১৭ এর খসড়া চূড়ান্তকরণের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ২(ছ)(২) আগামী ৩০ মে ২০১৭ তারিখের মধ্যে বিদ্যুৎ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ফান্ড সম্পর্কিত রেগুলেটরী গাইডলাইনস, ২০১৭ এর খসড়া পেশ করতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |

৩। আগামী সভায় সচিব ও পরিচালকবৃন্দ আলোচ্য বিষয়গুলোর উপর সুনির্দিষ্ট তথ্যাদিসহ কার্যপত্র উপস্থাপন করবেন।

৪। সভাপতি উপস্থিত সকলকে তাঁদের মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২৪/০৫/২০১৭
(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান
বিইআরসি, ঢাকা।

---

বিইআরসি/সমন্বয় সভা/প্রশা-০৯৮/১৬/ 2926 তারিখঃ ২৪ মে ২০১৭

বিতরণ:

১। পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
২। উপ-পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা

অনুলিপিঃ

১। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। [মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য]
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য]
৩। মুখ্য সমন্বয়কের একান্ত সচিব, এসডিজি, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। [মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য]
৪। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা। [মাননীয় চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য]
৬। সহকারী পরিচালক (আইন ও বিধি), বিইআরসি, ঢাকা। [বিইআরসি ট্রাইব্যুনালের সদয় অবগতির জন্য]
৭। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা। [সম্মানিত সদস্য এর সদয় অবগতির জন্য]

২৪/০৫/২০১৭
একেএম মনোয়ার হোসেন আখন্দ
পরিচালক (গ্যাস)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৯১১১৬৮৬